

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
বগুড়া।  
(জে এম শাখা)  
[www.bogra.gov.bd](http://www.bogra.gov.bd)



স্মারক নং : ০৫.৫০.১০০০.০১১.১২০.৩৮.২০- ৮৩২

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
১৪ জুন ২০২০ খ্রিস্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির গত ১১-০৬-২০২০খি. তারিখের সভার সিদ্ধান্ত ও সিভিল সার্জন কার্যালয়ের অদ্য ১৪-০৬-২০২০ খি. তারিখের বি.এস/বগ/প্রশা-২/২০২০/১২৬২ নং পত্র মোতাবেক বগুড়া পৌরসভার চেেলোপাড়া, নাটাইপাড়া, নারুলী, জলেশ্বরীতলা, সূত্রাপুর, মালতিনগর, ঠনঠনিয়া, হাড়িপাড়া ও কলোনী এলাকা রেড জোন হিসেবে ঘোষণা করা হয়েছে। রেড জোন ঘোষণার প্রেক্ষিতে উক্ত এলাকায় আজ ১৪ জুন ২০২০খি. বিকাল ৫.০০ টা হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো।

#### উক্ত রেড জোন এলাকায়:

- সকল প্রকার ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাজনৈতিক গণজমায়েত নিষিদ্ধ ঘোষণা করা হলো। সকল জনসাধারণ আবশ্যিকভাবে নিজ নিজ আবাসস্থলে অবস্থান করবেন।
- সকল প্রকার যানবাহন বন্ধ থাকবে। কোভিড-১৯ মোকাবেলায় দায়িত্বপ্রাপ্ত বেসরকারি গাড়ি চলাচলে জেলা প্রশাসকের অনুমতি গ্রহণ করতে হবে। এ্যাম্বুলেন্স, রোগী পরিবহন, স্বাস্থ্যসেবা প্রদানকারী ব্যক্তিবর্গের(অনডিউটি) পরিবহন, কোভিড-১৯ মোকাবেলা ও জরুরী পরিষেবা প্রদানকারী কর্তৃপক্ষের গাড়ি, জরুরী সংবাদকর্মীর গাড়ি এর আওতার বাইরে থাকবে।
- সকল প্রকার দোকান, মার্কেট ও ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। ঔষধের দোকান, ইন্টারনেট সেবা ও মোবাইল ব্যাংকিং পরিষেবা এর আওতার বাইরে থাকবে।
- কোভিড-১৯ মোকাবেলা ও জরুরী সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সীমিত আকারে খোলা থাকবে। সকল হাসপাতাল, চিকিৎসাসেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও কোভিড-১৯ মোকাবেলায় পরিচালিত ব্যাংকিং সেবা এর আওতার বাইরে থাকবে।
- বগুড়া জেলায় আন্ত: উপজেলা যানবাহন ও জনসাধারণের চলাচল বন্ধ থাকবে।
- জরুরী প্রয়োজনে বের হলে সকলকে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং যথাযথভাবে মাস্ক পরিধান করতে হবে।
- প্রকাশ্য স্থানে বা গণজমায়েত করে কোন প্রকার ট্রাণ,খাদ্য সামগ্রী বা অন্য কোন পণ্য বিতরণ করা যাবে না।

কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে জনস্বার্থে এ নির্দেশনা প্রদান করা হলো।

( ফয়েজ আহাম্মদ )

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

এবং

সভাপতি,করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলা

সংক্রান্ত জেলা কমিটি,বগুড়া।

ফোন নং-০৫১-৬৯১১০।

ইমেইল-dcbogra@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৯। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক (সকল)।
- ১১। কমান্ডিং অফিসার, ১১ পদাতিক ডিভিশন, বগুড়া [ টহল জোরদারকরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ]।
- ১২। পুলিশ সুপার, বগুড়া। [গণবিজ্ঞপ্তি বাস্তবায়নে প্রয়োজনীয় সংখ্যক চেক পোস্ট স্থাপন, টহল জোরদারকরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ]।
- ১৩। সিভিল সার্জন, বগুড়া।
- ১৪। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১২, বগুড়া [ টহল জোরদারকরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ]।
- ১৫। মেয়র, পৌরসভা, বগুড়া।
- ১৬। উপপরিচালক, এনএসআই, বগুড়া।
- ১৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া।
- ১৮। উপজেলা নির্বাহী অফিসার,.....বগুড়া (সকল)
- ১৯। উপপরিচালক, ডিজিএফআই, বগুড়া।
- ২০। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া [ বহুল প্রচারের জন্য ]।



( ফয়েজ আহাম্মদ )

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

এবং

সভাপতি, করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলা

সংক্রান্ত জেলা কমিটি, বগুড়া।

ফোন নং-০৫১-৬৯১১০।

ইমেইল-dcbogra@mopa.gov.bd